

ঢাকা ওয়াসা

২০২৬-২০২৭ অর্থ বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার কপি।

ছবি

প্রাক্কলন

বিষয়: মডস জোন-৫ এর আওতাধীন ডিএমএ-৫০৫ এর ৭১ গুলশান এভিনিউ রোড এলাকায় পয়ঃ লাইনের ব্লক ছাড়ানো এবং ম্যানহোল কভার রাইজিং এর কাজ।

১) উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৫ এর আওতাধীন ডিএমএ-৫০৫ এর ৭১ গুলশান এভিনিউ রোড এলাকায় পয়ঃলাইনের ম্যানহোল রয়েছে যা রাস্তার সাথে সমতলে নেই। আলোচ্য রাস্তাটি দিয়ে সব সময় ভি আই পি মুভমেন্ট থাকে। সম্প্রতি ডি এন সি সি, ট্রাফিক বিভাগের টি আই উল্লেখিত রাস্তাটির ম্যানহোল কভার এর কারনে রাস্তাটির সমস্যা সমাধানে অনুরোধ জানান। এছাড়া গুলশান-বাড্ডা লিংক ব্যস্ততম পথ হওয়ায় বিষয়টি গুরুত্বের দাবি রাখে। আলোচিত বিষয়াদির গুরুত্ব বিবেচনায় ম্যানহোল ক্রিনিং সহ রাইজিং করা প্রয়োজন। আলোচ্য পয়ঃলাইনের ম্যানহোল কভার রাইজিং ও প্রতিস্থাপন করে উত্তোলিত ব্লাজ নিরাপদ দূরত্বে ডাম্পিং করতে হবে। এ অবস্থায় কর্তৃপক্ষের কাজের স্বার্থে ঢাকা ওয়াসার গ্রাহক সেবা নিশ্চিত করনের জন্য আলোচ্য কাজগুলো দ্রুত সম্পাদন করা প্রয়োজন। সেই লক্ষ্যে মডস জোন-৫ এর আওতাধীন ডিএমএ- ৫০৫ এর ৭১ গুলশান এভিনিউ ম্যানহোল কভার রাইজিং ও প্রতিস্থাপন করার নিমিত্তে প্রণীত প্রাক্কলনে মোট ব্যয়ের পরিমাণ হয়েছে চ ৪৭,৪৫৫/- (সাতচল্লিশ হাজার চারশত পঞ্চান্ন) টাকা মাত্র। উক্ত ব্যয় অত্র বিভাগের চলতি ২০২৬-২০২৭ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কোড নং-০১-০৪-০০২, সুয়ার লাইন রক্ষনাবেক্ষন খাতের ক্রমিক নং- ৩৫ হতে নির্বাহ করা যেতে পারে।

২)এমতাবস্থায়, মডস জোন-৫ এর আওতাধীন ডিএমএ-৫০৫ এর ৭১ গুলশান এভিনিউ এলাকায় পর্যন্ত ম্যানহোল কভার রাইজিং এর কাজ সম্পাদনের লক্ষ্যে নিম্নে বর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারেঃ

(ক) আলোচ্য কাজটি পিপিআর-২০২৫ এর ৯৯/১(ড) ধারা অনুসরনে ভৌত সেবা খাতে সরাসরি চুক্তি সম্পাদনের অনুমোদন।

(খ) আলোচ্য কাজের সর্বমোট চ- ৪৭,৪৫৫/- (সাতচল্লিশ হাজার চারশত পঞ্চান্ন) টাকার প্রাক্কলন অনুমোদন।

(গ) আলোচ্য কাজটি ঠিকাদার "মেসার্স সামিয়া এন্টারপ্রাইজ" এর মাধ্যমে সম্পন্ন করার অনুমোদন।

(ঘ) আলোচ্য কাজের ব্যয় অত্র বিভাগের ২০২৬-২০২৭ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার সুয়ার লাইন মেরামত খাতের (০১-০৪-০০২) থেকে নির্বাহ করার অনুমোদন।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।

২৭.০৯.২৫
মোঃ সাইফুল ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৫, ঢাকা ওয়াসা

২৭/০৯/২৫
মোহাম্মদ সাইফুর রহমান চৌধুরী
সহকারী প্রকৌশলী
মডস জোন-০৫, ঢাকা ওয়াসা।

২৭/০৯/২৫
মোঃ শাহীন হাসান
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মডস জোন-৫, ঢাকা ওয়াসা

২৭/০৯/২৫
প্রকৌশলী মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-২, ঢাকা ওয়াসা।

১৬/০৯/২৫

০৬/১০/২৫
আলমগীর হাছিন আহমেদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।